# ৩নং সিংড়া ইউনিয়ন পরিষদের ২৭/০১/২০২৬ইং তারিখের অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী

সভাপতিঃ মোঃ সাজ্জাদ হোসেন
চেয়ারম্যান, ৩নং সিংড়া ইউনিয়ন পরিষদ
ঘোড়াঘাট, দিনাজপুর।

স্থানঃ ৩নং সিংড়া ইউনিয়ন পরিষদ সভা কক্ষ
ঘোড়াঘাট, দিনাজপুর।
তারিখঃ ২৭-০১-২০২৬ইং
সময়ঃ বেলা ১১:০০ ঘটিকা

**সভায় উপস্থিত সদস্যগণের নাম ও স্বাক্ষর (স্বাক্ষরের ক্রমানুসারে)**

| ক্রমিক নং | সদস্যবৃন্দের নাম | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | জনাব, মোঃ সাজ্জাদ হোসেন | স্বাক্ষরিত/- |
| ০২ | জনাব, মোঃ আব্দুল মালেক মন্ডল | " |
| ০৩ | জনাব, মোঃ ওয়াহেদুজ্জামান | " |
| ০৪ | জনাব, মোঃ সোনা মিয়া মোল্লা | " |
| ০৫ | জনাব, মোঃ গোলাম রব্বানী | " |
| ০৬ | জনাব, মোঃ আজাদুল ইসলাম | " |
| ০৭ | জনাব, মোঃ মঞ্জুর রহমান | " |
| ০৮ | জনাব, মোঃ আতিয়ার রহমান | " |
| ০৯ | জনাব, মোঃ মফিজুল হক | " |
| ১০ | জনাব, মোঃ আয়নুল ইসলাম | " |
| ১১ | জনাব, মোছাঃ মুরশিদা বেগম | " |
| ১২ | জনাব, মোছাঃ রাহেনা বেগম | " |
| ১৩ | জনাব, চন্দনা রানী | " |

আলোচ্য বিষয়ঃ

১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়ী করন।
২। খাদ্য বান্ধব কর্মসূচীর নতুন উপকারভোগী তালিকা প্রস্তুত ও প্রেরণ সম্পর্কে আলোচনা।
৩। গণভোটের প্রচারণা সম্পর্কে আলোচনা।
৪। গ্রাম আদালতের কার্যক্রম সম্পর্কে আলোচনা।
৫। গ্রামীণ স্যানিটেশন প্রকল্পের আওতায় দরিদ্র পরিবারের তালিকা প্রস্তুতকরণ সম্পর্কে আলোচনা।
৬। বিবিধ।

অদ্যকার সভার সভাপতি জনাব মোঃ সাজ্জাদ হোসেন, চেয়ারম্যান ৩নং সিংড়া ইউপি এর সভাপিত্বে সভার কাজ আরম্ভ হয়। স্বাগত বক্তব্যে সভাপতি সাহেব বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন শুনান। উহাতে আর কোন সংযোজন ও বিয়োজন না থাকায় উহা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

২নং আলোচনাকালে সভাপতি সাহেব জানান যে, খাদ্য বান্ধব কর্মসূচীর আওতায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রণ কার্যালয়, ঘোড়াঘাট, দিনাজপুরের ১৯/০১/২০২৬খ্রি. তারিখের স্মারক নং- ১৩.০৮.২৭৪৩.০১.১১.০১.১১.৭৭ মোতাবেক ১৫০ জন নতুন উপকারভোগীর বরাদ্দ পাওয়া গিয়েছে। এবং আগামী ০৩/০২/২০২৬খ্রি. তারিখের মধ্যে নতুন উপকারভোগীর তালিকা প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছে। এ বিষয়ে বিশদ আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়।

সিদ্ধান্তঃ অতপর আলোচনান্তে সর্ব সম্মতিক্রমে খাদ্য বান্ধব কর্মসূচীর আওতায় নতুন ১৫০ জন উপকারভোগীর তালিকা প্রস্তুত পূর্বক প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়।

৩নং আলোচনাকালে সভাপতি সাহেব জানান যে, আসন্ন ত্রয়োদশ নির্বাচন উপলক্ষে গণভোটের সচেতনতা বৃদ্ধির জন্য প্রচারণার নির্দেশনা পাওয়া গিয়েছে। সেই অনুযায়ী গণভোটের লিফলেট বিতরণ, প্রজেক্টরের মাধ্যমে ভিডিও প্রর্দশন করা হচ্ছে। সেই ইউপি সদস্যদের এই বিষয়ে নিজ নিজ ওয়ার্ডে ভোটারদের গণভোট বিষয়ে সচেতন করার জন্য অনুরোধ করা হয়। এ বিষয়ে বিশদ আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়।

সিদ্ধান্তঃ অতপর আলোচনান্তে আগামী ১২ ফেব্রুয়ারি ২০২৬খ্রি. তারিখে আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে গণভোটের জন্য ভোটারদের সচেতন করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।

27/01/26

মোঃ সাজ্জাদ হোসেন
চেয়ারম্যান
৩নং সিংড়া ইউনিয়ন পরিষদ
ঘোড়াঘাট, দিনাজপুর।

৪নং আলোচনাকালে সভাপতি সাহেব জানান যে, ২০২৫ সালে অত্র ইউনিয়ন পরিষদ গ্রাম আদালতে দেওয়ানী ও ফৌজদারী ১১৪ টি মামলা দায়ের হয়। এবং ১০৫ টি মামলা নিষ্পত্তি করা হয়। গ্রাম আদালতের কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা কো-অর্ডিনেটর জনাব মোঃ আব্দুল হাদী নিয়মিত সহযোগীতা করছেন। স্বল্প খরচে ও স্বল্প সময়ে দ্রুত নিষ্পত্তির জন্য গ্রাম আদালত বিষয়ে ওয়ার্ড সদস্যদের নিজ নিজ ওয়ার্ডে সচেতন করার জন্য অনুরোধ করা জানান। এ বিষয়ে বিশদ আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়।

<u>সিদ্ধান্তঃ</u> অতপর আলোচনান্তে গ্রাম আদালতের এখতিয়ারভূক্ত দেওয়ানী ও ফৌজদারী মামলা সম্পর্কে জনগণকে সচেতন করার সিদ্ধান্ত গৃহিত হয়।

৫নং আলোচনাকালে সভাপতি সাহেব জানান যে, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এর ১০/১২/২০২৫খ্রি. তারিখের স্মারক নং-৪৬.০৩.০০০০.৫৬৩.০৭.০০৮.২৫-৪৭ মোতাবেক জনস্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "গ্রামীণ স্যানিটেশন প্রকল্প" শীর্ষক প্রকল্পের আওতায় দরিদ্রদের জন্য ইমপ্রুভড ল্যাট্রিন (টুইন পিট ল্যাট্রিন) নির্মাণের বরাদ্দ পাওয়া গিয়েছে। তার প্রেক্ষিতে ল্যাট্রিন স্থাপনের জন্য স্থান নির্বাচন করার জন্য দরিদ্র পরিবারের জন্য আবেদন ফর্ম সরবরাহ করা হয়েছে। উক্ত আবেদন ফর্ম গ্রহণ পূর্বক তালিকা প্রস্তত করা প্রয়োজন। এ বিষয়ে বিশদ আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়।

<u>সিদ্ধান্তঃ</u> অতপর আলোচনান্তে "গ্রামীণ স্যানিটেশন প্রকল্প" শীর্ষক প্রকল্পের আওতায় দরিদ্র জন্য ইমপ্রুভড ল্যাট্রিন (টুইন পিট ল্যাট্রিন) নির্মাণের জন্য দরিদ্রদের আবেদন করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।

বিবিধ বিষয়ে আর কোন আলোচনা না থাকায়, সভাপতি সাহেব উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

27/01/26

সভাপতি
(মোঃ সাজ্জাদ হোসেন)
চেয়ারম্যান
৩নং সিংড়া ইউনিয়ন পরিষদ
ঘোড়াঘাট, দিনাজপুর।

মোঃ সাজ্জাদ হোসেন
চেয়ারম্যান
৩নং সিংড়া ইউনিয়ন পরিষদ
ঘোড়াঘাট, দিনাজপুর।

স্মারক নং-৪৬.০০.৪৩৭৬.০০০.০২.০১৭.২৬-০৯ তারিখঃ ২৭/০১/২০২৬খ্রি.

<u>অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইলঃ-</u>
১। উপ-পরিচালক, স্থানীয় সরকার, দিনাজপুর।
২। উপজেলা নির্বাহী অফিসার, ঘোড়াঘাট, দিনাজপুর।
৩। অফিস কপি।

27/01/26

চেয়ারম্যান
৩নং সিংড়া ইউনিয়ন পরিষদ
ঘোড়াঘাট, দিনাজপুর।

মোঃ সাজ্জাদ হোসেন
চেয়ারম্যান
৩নং সিংড়া ইউনিয়ন পরিষদ
ঘোড়াঘাট, দিনাজপুর।